



# বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ

বিজিবি সদর দপ্তর, পিলখানা, ঢাকা

## ২০২৬ শিক্ষাবর্ষে স্কুল শাখায় ভর্তি বিজ্ঞপ্তি

অত্র প্রতিষ্ঠানে ২০২৬ শিক্ষাবর্ষে বাংলা মাধ্যম ও ইংরেজি ভাষানে বিভিন্ন শ্রেণিতে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

মাধ্যম	শ্রেণি	শিফট	আবেদন প্রক্রিয়া
বাংলা মাধ্যম	১ম, ৩য়, ৪র্থ ও ৫ম, (ছাত্র-ছাত্রী)	প্রভাতি	সরকারি নির্দেশনা অনুযায়ী যাবতীয় তথ্য পরবর্তীতে প্রতিষ্ঠানের ওয়েব সাইটে জানানো হবে।
	৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম (শুধুমাত্র ছাত্রী)		
	৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম-মানবিক (শুধুমাত্র ছাত্র)	দিবা	
ইংরেজি ভাষান	১ম, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম-বিজ্ঞান (ছাত্র-ছাত্রী)	প্রভাতি	

### নির্দেশনাবলি :

- ভর্তির আবেদন <https://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে। অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর ঘোষিত তারিখ অনুযায়ী চলমান থাকবে।
- ভর্তি সংক্রান্ত তথ্য প্রতিষ্ঠানের ওয়েবসাইট [www.abdurroufcollege.ac.bd](http://www.abdurroufcollege.ac.bd)-তে ও বিজিবি ও নং গেইট সংলগ্ন তথ্য কেন্দ্রে পাওয়া যাবে। ভর্তির সকল তথ্য জানার জন্য নিয়মিত ওয়েবসাইট ভিজিট করতে হবে।
- প্রথম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীর বয়স নির্ধারণের ক্ষেত্রে জাতীয় শিক্ষানীতি ২০১০ ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ভর্তি নীতিমালা ২০২৬ অনুসরণ করা হবে।
- আবেদনের তারিখঃ ২১-১১-২০২৫ সকাল ১১.০০ টা থেকে ০৫-১২-২০২৫ বিকাল ০৫:০০ টা পর্যন্ত।

অধ্যক্ষ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
বেসরকারি মাধ্যমিক শাখা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৭.৪১.০০০২.২০.৬৪

তারিখ: ২৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
১৪ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

বিষয়: মহানগরী, জেলার সদর উপজেলা ও অন্যান্য উপজেলার উপজেলা সদরে অবস্থিত বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজ (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) এ ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা মহানগরীসহ সারাদেশের মহানগরী পর্যায়ের বিভাগীয় সদরের মেট্রোপলিটন এলাকা, জেলার সদর উপজেলা ও অন্যান্য উপজেলার উপজেলা সদরে অবস্থিত বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজ (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) এ ২০২৬ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধুমাত্র অনলাইনে <https://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে। অনলাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া ২১/১১/২০২৫ খ্রি. সকাল ১১:০০ টা হতে শুরু হয়ে ০৫/১২/২০২৫ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে। ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১০০/- (একশত) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

প্রাথমিক আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে মহানগরী পর্যায়ের জন্য বিভাগীয় সদরের মেট্রোপলিটন এলাকা, জেলার সদর উপজেলা এবং অন্যান্য উপজেলার উপজেলা সদর অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা পাবে। এক্ষেত্রে প্রাথমিক প্রাপ্যতার ভিত্তিতে প্রতিটি আবেদনে সর্বোচ্চ ০৫টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে পারবে। তবে ডাবল শিফট স্কুলে উভয় শিফট পছন্দ করলে ০২টি পছন্দক্রম (০২টি বিদ্যালয় পছন্দক্রম) সম্পাদন হয়েছে বলে গণ্য হবে। একই পছন্দক্রমের বিদ্যালয় কিংবা শিফট দ্বিতীয় বার পছন্দ করা যাবে না। জাতীয় শিক্ষানীতি-২০১০ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা অনুযায়ী ১ম শ্রেণিতে শিক্ষার্থীর বয়স ৬+ খরে ভর্তি নিশ্চিত করতে হবে। তবে কাক্সিত শিক্ষাবর্ষের ০১ জানুয়ারি তারিখে শিক্ষার্থীর সর্বনিম্ন বয়স ০৫ বছর এবং ৩১ ডিসেম্বর তারিখে সর্বোচ্চ ০৭ বছর পর্যন্ত হবে। (যেমন: ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিকালে কোন শিক্ষার্থীর বয়সসীমা সর্বনিম্ন ০৫ বছর হবে অর্থাৎ সর্বনিম্ন জন্ম তারিখ হবে ০১ জানুয়ারি ২০২১ পর্যন্ত এবং সর্বোচ্চ বয়সসীমা ০৭ বছর পর্যন্ত অর্থাৎ জন্ম তারিখ ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত)। পরবর্তী শ্রেণিসমূহে বয়স নির্ধারণের বিষয়টি প্রথম শ্রেণিতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে ধারাবাহিকভাবে প্রযোজ্য হবে। শিক্ষার্থীর বয়স নির্ধারণের জন্য ভর্তির আবেদন ফরমের সাথে অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের বয়স নির্ধারণে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছরের অতিরিক্ত সুবিধা দেয়া যাবে।

এছাড়া, ঢাকা মহানগরীসহ সারাদেশের মহানগরী পর্যায়ের বিভাগীয় সদরের মেট্রোপলিটন এলাকা, জেলার সদর উপজেলা এবং অন্যান্য উপজেলার উপজেলা সদরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মচারী এবং ম্যানেজিং কমিটির সদস্যদের সন্তানদের (যদি থাকে) তাদের ভর্তির ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তির সুযোগ থাকবে। তবে পোষ্য বা আত্মীয়-স্বজন বা ম্যানেজিং কমিটির জন্য কোনো আসন সংরক্ষণ থাকবে না।

ঢাকা মহানগরীসহ সারাদেশের মহানগরী পর্যায়ের বিভাগীয় সদরের মেট্রোপলিটন এলাকা, জেলার সদর উপজেলা এবং অন্যান্য উপজেলার উপজেলা সদরে অবস্থিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী [www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd) এর secondary circular/order ও [www.teletalk.com.bd](http://www.teletalk.com.bd) ওয়েবসাইট হতে জানা যাবে।

*Sohel*

১৪-১১-২০২৫

প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল  
পরিচালক

